কালের কণ্ঠ

তারিখ 19 JAN 2015
পৃষ্ঠা … কলাম …

বাকৃবির মাৎস্যবিজ্ঞান অনুষদ অচল

# শিক্ষার্থীরা চায় ক্লাসে ফিরতে শিক্ষকরা অনড়

বাকৃবি প্রতিনিধি ▷

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষক লাঞ্ছিতের প্রতিবাদে ক্লাস পরীক্ষা বর্জন অব্যাহত রেখেছেন ওই অনুষদের শিক্ষকরা। এদিকে অবিলম্বে ক্লাস পরীক্ষা চালুর দাবি জানিয়ে রবিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের প্রধান ফটকে সমাবেশ করেছে ওই অনুষদের সাধারণ শিক্ষার্থীরা। এ সময় মাৎস্যবিজ্ঞান অনুষদের ক্লাস পরীক্ষা চালু করতে শিক্ষার্থীরা উপাচার্য অধ্যাপক ড. মো. রফিকুল হকের হস্তক্ষেপ কামনা করে। মাৎস্যবিজ্ঞান অনুষদের শিক্ষার্থীরা জানায়, ক্লাস শুরুর ব্যাপারে ডিন অধ্যাপক ড. মো. ইদ্রিস মিয়াকে জানালে তিনি গ্রেপ্তার হওয়া ওই অনুষদের শিক্ষার্থী নোমান রেজাকে মুক্তি না দেওয়া পর্যন্ত ক্লাস পরীক্ষা বন্ধ থাকবে বলে জানান। এদিকে আজ সোমবার থেকে ক্লাস পরীক্ষা চালু না হলে ছাত্রধর্মঘটের মতো কঠোর কর্মসূচি ঘোষণা করার হুমকি দেওয়া হয়।

জানা যায়, অবিলম্বে ক্লাস পরীক্ষা শুরুর দাবিতে মাৎস্যবিজ্ঞান অনুষদের সব বর্ষের শিক্ষার্থীরা সকালে ডিনের কাছে একটি স্মারকলিপি পেশ করে। এ সময় শিক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের প্রধান ফটকে এসে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য দেন তানভীর, নীরব, অনিক, মেহেদী প্রমুখ।

এ ব্যাপারে মাৎস্যবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইদ্রিস মিয়া বলেন, আগামী ২১ জানুয়ারি অনুষদীয় শিক্ষকদের সভায় ক্লাস পরীক্ষা বর্জন অব্যাহত থাকবে না, ক্লাস চালু হবে সে বিষয়ে সিদ্ধান্ত হবে।